কালের কণ্ঠ

তারিখ 01 JAN 2015
পৃষ্ঠা ৮ কলাম ৪

# স্কুল-মাদ্রাসায় ইন্টারনেট না থাকলে নিবন্ধন নবায়ন নয়

## মাধ্যমিকে অভিন্ন পাঠ পরিকল্পনা চালুর পরামর্শ সংসদীয় কমিটির

নিজস্ব প্রতিবেদক ▶

ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে স্কুল-মাদ্রাসায় ইন্টারনেট সংযোগ বাধ্যতামূলক করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় সব সহযোগিতা দিচ্ছে সরকার। এর পরও কোনো প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ না থাকলে সেই প্রতিষ্ঠানের নিবন্ধন নবায়ন করা হবে না। গতকাল বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি বৈঠকে এ তথ্য জানানো হয়েছে।

বৈঠকে একই সঙ্গে দেশের সব মাধ্যমিক বিদ্যালয়ে অভিন্ন পাঠ পরিকল্পনা চালুর পরামর্শ দেওয়া হয়েছে, যার মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষার মানের ব্যবধান কমে আসবে বলে আশা করছে কমিটি।

বৈঠক শেষে কমিটির সভাপতি মো. আফছারুল আমীন সাংবাদিকদের জানান, দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষার মানের ব্যবধান রয়েছে। সে কারণে স্কুলগুলোতে কবে কী পড়ানো হবে, সে বিষয়ে সারা বছরের একটি পরিকল্পনা থাকা দরকার। মন্ত্রণালয়কে এ বিষয়ে পদক্ষেপ নিতে বলা হয়েছে।

সভাপতি আরো বলেন, প্রাইমারি স্কুল ও মাদ্রাসাগুলোতে ইন্টারনেট কানেকশন দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। কিন্তু অনেক প্রতিষ্ঠান এ ক্ষেত্রে অবহেলা করছে। তাই মন্ত্রণালয় ইন্টারনেট কানেকশন না নিলে নিবন্ধন স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। বৈঠকে পরীক্ষামূলক কয়েকটি উপজেলায় নবম শ্রেণিতে অভিন্ন প্রশ্ন ও কোড পদ্ধতি প্রবর্তন করে পরীক্ষা নেওয়ার সুপারিশ করা হয়েছে বলে তিনি জানান।

বৈঠকে শিক্ষার মান উন্নয়নের জন্য সুপারভিশন শুধু প্রশাসনিক কর্মকর্তাদের ওপর ন্যস্ত না করে অভিভাবক ও এলাকাবাসীকে সম্পৃক্ত করার সুপারিশ করা হয়। আর উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে সঠিকভাবে মনিটরিংয়ের মাধ্যমে অর্থের সঠিক ব্যবহার নিশ্চিতকরণের জন্য মন্ত্রণালয়কে আরো বেশি কঠোর হতে বলা হয়েছে। এ ছাড়া শিক্ষক নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতা ও সঠিক মানদণ্ড অনুসরণ করে নিয়োগ দেওয়ার জন্য পরিচালনা কমিটির দিকে নজরদারি বাড়ানোর পরামর্শ দেওয়া হয়েছে।